

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
আইসিটি প্রমোশন শাখা  
[www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০৮.২৩.০০৭.১৯ - ১৫৬২

তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ  
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উপলক্ষে পুরস্কার/সম্মাননা প্রদানের নিমিত্ত ৩টি “শ্রেষ্ঠ ডিজিটালইজড ক্যাম্পাস”  
তালিকা প্রেরণ।


সূত্র: আইসিটি বিভাগের গত ০৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশে ও বিদেশে বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উদ্‌যাপিত হবে। এবারের দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯, বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আয়োজিত মূল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের প্রতিপাদ্য “সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে”। উল্লেখ্য ২০০৮ সালের ১২ ডিসেম্বর তারিখে বর্তমান সরকারের রূপকল্প ২০২১ তথা “ডিজিটাল বাংলাদেশ” ঘোষণার মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এ দিবসটির গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে “ডিজিটাল বাংলাদেশ দিবস” হিসেবে পালনের অনুমোদন দেয়।

০২। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যারা গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তাদের “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উপলক্ষে জাতীয়ভাবে পুরস্কার/সম্মাননা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত পুরস্কার/সম্মাননা প্রদানের নিমিত্ত ই-গভর্নেন্স বাস্তবায়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শিক্ষার মানোন্নয়ন এবং গবেষণার ক্ষেত্রে অনন্য অবদান রাখার জন্য ৩টি “শ্রেষ্ঠ ডিজিটালইজড ক্যাম্পাস”এর তালিকা প্রয়োজন।

০৩। এমতবস্থায়, “ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯” উপলক্ষে পুরস্কার/সম্মাননা প্রদানের জন্য আগামী ২৩ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে উল্লিখিতভাবে মনোনয়নের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান  
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
আগারগাঁও, ঢাকা

  
২১/১১/১৯  
(মৃনাল কান্তি দেব)  
অতিরিক্ত সচিব  
(অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড  
ইনোভেশন অনুবিভাগ)  
আইসিটি বিভাগ  
ও  
আস্রায়ক  
পুরস্কার/সম্মাননা উপ-কমিটি, ডিজিটাল  
বাংলাদেশ দিবস ২০১৯  
ফোন: +৮৮-০২-৮১৮১৫৪৮  
ই-মেইল: [mrinal@ictd.gov.bd](mailto:mrinal@ictd.gov.bd)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। অফিস নথি / মাস্টার ফাইল।